

ঢাকা কলেজে একাদশ ভর্তির নির্দেশিকা ।

- ১) ঢাকা কলেজে ভর্তি অনলাইনে হবে, এজন্য কোন ছাত্রকে সশরীরে কলেজে আসতে হবে না। (শুধু কোটার ক্ষেত্রে কাগজ যাচাই করতে আসতে হবে)।
 - ২) চূড়ান্ত মনোনয়ন প্রাপ্ত ছাত্র শিওর ক্যাশের বাংলাদেশের যেকোন এজেন্টের মাধ্যমে টাকা জমা দিয়ে ঢাকা কলেজের ওয়েবসাইটে অনলাইনে ফর্ম পূরণ করে ২০/০৬/১৭ থেকে ২২/০৬/১৭ তারিখের মধ্যে ঘরে বসে খুব সহজেই ভর্তি সম্পন্ন করতে পারবে।
 - ৩) ভর্তি সংক্রান্ত ফি প্রদান একমাত্র শিওর ক্যাশের এজেন্ট ছাড়া আর কারও মাধ্যমে করা যাবে না। নির্দেশনার বাইরে কোন রকম আর্থিক লেনদেনে ক্ষতি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী নয়।
 - ৪) আগামী ১ জুলাই সঠিক ইউনিফর্ম পরে যথাসময়ে অরিয়েন্টেশন ক্লাসে উপস্থিত হতে হবে। একই দিন নবীনবরণ অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মাননীয় শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব এবং শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক।
- ভর্তি ও অন্যান্য বিষয়ের বিস্তারিত তথ্যের জন্য ঢাকা কলেজের ওয়েবসাইট (<http://dhakacollege.edu.bd>) এবং ফেসবুক পেজে প্রকাশিত পূর্বের নোটিস অনুসরণীয়।

-----অধ্যক্ষ, ঢাকা কলেজ।